LIBERTY JUSTICE EQUALITY

CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)
WEST BENGAL STATE COMMITTEE
Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013
Mob: 9883717575, 8420094883 Email: cpdrs.india@gmail.com

এসআইআর-এর নামে লক্ষ লক্ষ ভোটারের নাম বাদ দেওয়ার তীব্র প্রতিবাদ জানিয়ে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সম্পাদক রাজকুমার বসাক আজ (০৮.০৪.২০২৬) এক বিবৃতিতে বলেন,

"পশ্চিমবঙ্গে এসআইআর ঘোষণার দিন নির্বাচন কমিশন বলেছিল, একজনও বৈধ ভোটারের নাম বাদ যাবে না। আমরা সেদিন বলেছিলাম, এসআইআর ভোটার তালিকা সংশোধনের জন্য নয়, ভোটাধিকার কেড়ে নেওয়ার ষড়যন্ত্র। আজ তা প্রমাণিত।

সমগ্র এসআইআর প্রক্রিয়ায় ৯১ লক্ষ মানুষের নাম বাদ দেওয়া হয়েছে। রাজ্যে ৬০ লক্ষের বেশি বিচারাধীন ভোটারের মধ্যে ২৬ লক্ষের নাম বাদ পড়েছে। অথচ এঁরা সকলেই চূড়ান্ত হয়রানির শিকার হয়েও শুনানিতে প্রয়োজনীয় নথিপত্র জমা দিয়েছিলেন। আজ আবার তাঁদের ট্রাইব্যুনালে আবেদন করতে বাধ্য করা হচ্ছে। এই ট্রাইবুনালের কাজ বাস্তবে শুরুই হয়নি অথচ কমিশন ভোটার তালিকা ফ্রিজ করে দিয়েছে। এভাবেই এ রাজ্যের লক্ষ লক্ষ নাগরিকের ভোটাধিকার তারা কেড়ে নিল। এর ফলে সংবিধানের দুটি অনুচ্ছেদ, ৩২৫ এবং ৩২৬ --- ধর্ম বর্ণ , লিঙ্গ নিরপেক্ষভাবে ও সর্বজনীন ভোটাধিকার ব্যবস্থা --- চরম আঘাতের মুখোমুখি হয়েছে।

সুপ্রিম কোর্ট শুনানির প্রথম দিনেই বলেছিল, তাঁরা গণহারে নাম বাদ হতে দেবেন না। অথচ বিপুল সংখ্যক আদিবাসী, মহিলা এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ এই অস্বচ্ছ, দায়হীন SIR প্রক্রিয়ার শিকার হলেন। এই পরিস্থিতিতে সুপ্রিম কোর্টের একজন বিচারপতি বললেন, একবার ভোট না দিতে পারলে ভোটাধিকার চলে যায় না, যা আমাদের বিস্মিত ও বিচার ব্যবস্থার প্রতি আস্থায় আঘাত করে।

এই পরিস্থিতিতে আমরা দাবি করছি, কোনও ভোটারকে ভোটাধিকার থেকে বঞ্চিত করা চলবে না। যেহেতু ভোটের আগে ট্রাইব্যুনালের বিচারপ্রক্রিয়া সম্পূর্ণ করা সম্ভব নয় বলে তাঁরা বলছেন, সেক্ষেত্রে আমাদের দাবি, ২০২৫ সালে SSR (Special Summary Revision) হওয়া ভোটার তালিকার ভিত্তিতে নাম বাদ যাওয়া ভোটারদের ভোটের সুযোগ দিতে হবে।"